

## Faculty Lecture Series

The new version of the faculty lecture series began with the lecture of the Hon'ble Vice-Chancellor Professor Sibaji Pratim Basu on 10<sup>th</sup> March, 2022. The title of the inaugural talk was 'Mahatma Gandhi: Basic Concepts and Some Riddles'.

নবকলেবরে ফ্যাকাল্টি লেকচার সিরিজ শুরু হল বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে। গত ১০ই মার্চ ২০২২ এই শৃঙ্খলার প্রথম বক্তৃতা করেন সম্মাননীয় উপাচার্য অধ্যাপক শিবাজী প্রতিম বসু। শীর্ষক ছিল 'Mahatma Gandhi: Basic Concepts and Some Riddles'.



## Sports Activities

### Women's Football Team & One-Day Cricket Tournament

The Women's Football Team of the University won East Zone Inter-University tournament and stood 8<sup>th</sup> in All India championship. They will participate in 'Khelo India' games in Bengaluru. The NSS Cell also organized a one-day cricket tournament with Red Ribbon Club on February 11. The University team bagged the second prize.



বিশ্ববিদ্যালয়ের মহিলা ফুটবল দল পূর্বাঞ্চলীয় আন্তঃবিশ্ববিদ্যালয় টুর্নামেন্টে বিজয়িনী হয় এবং জাতীয় স্তরে অষ্টম স্থান পেয়ে 'খেলো ইন্ডিয়া' টুর্নামেন্টে খেলার যোগ্যতা অর্জন করে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের এন.এস.এস সেল গত ১১ই ফেব্রুয়ারি রেড রিবন ক্লাবের সহযোগিতায় একটি একদিবসীয় ক্রিকেট টুর্নামেন্ট আয়োজন করে। বিশ্ববিদ্যালয়ের ক্রিকেট দল দ্বিতীয় স্থান দখল করে।

## Students' Placement

Students of Vidyasagar University have been placed in Aurigene Discovery Technologies Limited, Bengaluru in 2021-22 session.

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের কতিপয় ছাত্রছাত্রী (২০২১-২২ বর্ষ) অরিজিন ডিসকভারি টেকনোলজিস বেঙ্গালুরুতে কর্মসংস্থান অর্জন করেছে।



Published by Dr. J. K. Nandi, Registrar, Vidyasagar University

## Celebrating International Mother Language Day

On 21<sup>st</sup> February, 2022 International Mother Language Day was celebrated with great enthusiasm in the university campus. Performers of the Lodha Sabar indigenous community entered the campus on a cycle rally and presented a glimpse of their endangered culture.



বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথোচিত মর্যাদায় উদ্‌যাপন করা হয়েছে। লুণ্ডা সাবার জাতীয় ভাষাগোষ্ঠীর মানুষজন সাইকেল র্যালি করে এইদিন বিশ্ববিদ্যালয়ে আসেন ও লুণ্ডা শবর সংস্কৃতির নিদর্শন তুলে ধরেন।

## Blanket Distribution by Alumni Association

Vidyasagar University Alumni Association organized blanket distribution programme on 20<sup>th</sup> December 2021. The blankets were distributed among very needy and aged people of neighbouring villages adopted by the University.

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় প্রাক্তনী সংসদের উদ্যোগে গত ২০শে ডিসেম্বর ২০২১ বিশ্ববিদ্যালয়ের প্রতিবেশী গ্রামগুলির বহু বৃদ্ধ ও দরিদ্র ব্যক্তিকে কদম্বল বিতরণ করা হয়।



## Significant University Events

The Computer Centre organized a cyber security awareness programme on December 20, 2021. The Centre for Life Sciences observed National Science Day on February 26 with a symposium. 'Deeksharambh', a student induction event was organized by the DSW in November - December 2021 compliant with UGC & AICTE norms.

বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সেন্টার গত ২০শে ডিসেম্বর 'সাইবার শিক্ষক' শীর্ষক একটি সচেতনতা শিবির আয়োজন করে। এছাড়া জীবন বিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে গত ২৬শে ফেব্রুয়ারি জাতীয় বিজ্ঞান দিবস পালিত হয়। ডীন ছাত্র কল্যাণ বিভাগের উদ্যোগে নবাগত ছাত্রছাত্রীদের 'দীক্ষারম্ভ' অনুষ্ঠিত হয় গত নভেম্বর-ডিসেম্বরে।

## Newsletter Committee

Prof. Ujjayan Bhattacharya, Dept. of History, Chairman  
Prof. Joyjit Ghosh, Dept. of English  
Dr. Jolly Das, Dept. of English  
Dr. Asok Kumar, Dean of Students' Welfare  
Prof. Indranil Acharya, Dept. of English, Convenor

সাহিত্য সম্মেলন ও  
লিটল ম্যাগাজিন মেলা  
২৪-২৫শে মে, ২০২২



Vidyasagar University  
Midnapore - 721102



ব্রাত্য বসু  
মন্ত্রী  
উচ্চ শিক্ষা বিভাগ এবং বিদ্যালয় শিক্ষা বিভাগ  
পশ্চিমবঙ্গ সরকার  
বিকাশ ভবন (৫ম তলা)  
ইস্ট ব্লক, সেক্টর - ১  
সল্টলেক, কলকাতা - ৭০০ ০৯১  
ফোন : ২৩৫৮-৮৮৫৮, ২৩৫৮-২২৫৬, ফ্যাক্স : ২৩৫৭-৬৭৮৩

Bratya Basu  
Minister-in-Charge  
Higher Education Department  
and  
School Education Department  
Government of West Bengal  
Bikash Bhavan (5th Floor)  
East Block, Sector-1  
Salt Lake, Kolkata - 700 091  
Tel : 2358-8858, 2334-2256, Fax : 2337-6783

১৭ই চৈত্র, ১৪২৮

শু ভে চ্ছা বা র্তা

একথা জেনে খুব ভালো লাগছে যে প্রায় একবছর অতিমারীর কারণে বন্ধ থাকার পর আবার বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের সংবাদ-সমৃদ্ধ 'নিউজ লেটার' প্রকাশিত হতে চলেছে। এতে বিগত বছরে বিশ্ববিদ্যালয়ের নানা উজ্জ্বল মুহূর্তের সচিত্র ভাষ্য পরিবেশিত হবে।

আমি এই 'নিউজ লেটার'-এর সর্বাঙ্গীণ সাফল্য কামনা করছি এবং এই উপলক্ষে বিশ্ববিদ্যালয় পরিবারের সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি।

প্রবীণ জু  
(ব্রাত্য বসু)

অধ্যাপক শিবাজীপ্রতিম বসু,  
উপাচার্য,  
বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়।

2022  
New Edition Issue No. 1

# Newsletter

নিউজলেটার  
নবকলেবর প্রথম সংখ্যা

Professor Sibaji Pratim Basu  
Vice-Chancellor  
Vidyasagar University  
Midnapore - 721102

২৯শে চৈত্র, ১৪২৮

শু ভে চ্ছা বা র্তা

বহুদিন পর আবার বিশ্ববিদ্যালয়ের সংবাদবাহী সচিত্র 'নিউজ লেটার' প্রকাশিত হল। এবার থেকে দ্বিভাষিক রূপে - পৌষিক চেহারা নিয়েও ঘরের আভিনায়। আশা করি নবকলেবরে সংখ্যাটি আরও মনোহারী হয়ে উঠবে।

নবরূপের এই প্রয়াসটি আরও উজ্জ্বল হয়ে উঠেছে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী তথা প্রখ্যাত নাট্যব্যক্তিত্ব ও সাহিত্যিক অধ্যাপক ব্রাত্য বসুর শুভেচ্ছাবাহীতে। বিশ্ববিদ্যালয়ের সবার পক্ষ থেকে তাঁকে জানাই অকুণ্ঠ ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

নবপঠিত সম্পাদকমন্ডলীর আহ্বায়ক, অধ্যাপক ইন্দ্রনীল আচার্য সম্পাদনার কাজটি সুসম্পন্ন করেছেন। তাঁর এবং সভাপতি সহ সম্পাদকমন্ডলীর অন্য সদস্যদের জন্য রইল অজস্র অভিনন্দন।

শিবাজীপ্রতিম বসু  
(অধ্যাপক শিবাজীপ্রতিম বসু)

অধ্যাপক ইন্দ্রনীল আচার্য,  
সম্পাদক, 'নিউজ লেটার',  
বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়।

Website : www.vidyasagar.ac.in  
E-mail : vcconfidential@mail.vidyasagar.ac.in / vc@mail.vidyasagar.ac.in  
Telefax : (03222) 275329

কোভিড ক্লিষ্ট পৃথিবীতে অন্য অনেক মৌলিক পরিষেবার মত শিক্ষাব্যবস্থাও প্রভূত ক্ষতির সম্মুখীন হয়েছে। তাই ২০২০-২১ শিক্ষাবর্ষের নিউজলেটার প্রকাশ করা যায়নি। অবশ্য জুলাই ২০২১ এ বর্তমান উপাচার্য, অধ্যাপক শিবাজী প্রতিম বসু, দায়িত্বভার গ্রহণের পরে পঠন পাঠন, গবেষণা, যৌথ উদ্যোগ, আন্তর্জাতিক স্বীকৃতি ও জনমুখী কর্মসংস্কৃতিতে বিশ্ববিদ্যালয় এক অনন্য নজির স্থাপন করেছে। এই বিপুল কর্মকাণ্ডকে যথাযথ স্বীকৃতি প্রদানের জন্য নিউজলেটারের দুটি পৃথক সংখ্যা প্রকাশের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রথম সংখ্যায় কেন্দ্রীয়ভাবে আয়োজিত উল্লেখযোগ্য উদ্যোগগুলিকে তুলে ধরা হয়েছে। দ্বিতীয় সংখ্যায় ব্যক্তিগত ও বিভাগীয় স্তরে সাফল্যের খতিয়ান পেশ করা হবে। এই নিউজলেটার প্রকাশের ক্ষেত্রে সম্মাননীয় উপাচার্যের নিরন্তর উৎসাহ প্রদান বিশেষ প্রণিধানযোগ্য। সেইসঙ্গে অন্যান্য সংশ্লিষ্ট আধিকারিক ও নিউজলেটার কমিটির সদস্যদের ভূমিকাও কৃতজ্ঞচিত্তে স্মরণ করি। সাধুবাদ জানাই শ্রী জগদীশ মাহাতাকে তাঁর প্রযুক্তিগত মুন্সীয়ানা ও শৈল্পিক নির্মাণরীতির জন্য।

- অধ্যাপক ইন্দ্রনীল আচার্য





## Celebration of 202<sup>nd</sup> Birth Anniversary of Vidyasagar



On 26<sup>th</sup> September 2021 Vidyasagar University celebrated the 202<sup>nd</sup> birth anniversary of Pandit Iswar Chandra Vidyasagar with great pomp and splendour. Dr. Annapurna Chattopadhyay, a noted historian, Sri Pratul Mukhopadhyay an acclaimed singer and Sri Nalini Bera, a gifted Dalit author were conferred the prestigious 'Vidyasagar Puraskar'.

পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ২০২ তম জন্মদিন বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে যথাযথ মর্যাদায় পালিত হয়েছে। প্রখ্যাত ইতিহাসবিদ ড. অন্নপূর্ণা চট্টোপাধ্যায়, সংগীতশিল্পী শ্রী প্রতুল মুখোপাধ্যায় ও দলিত কথাসাহিত্যিক শ্রী নলিনী বেরাকে বিদ্যাসাগর পুরস্কারে ভূষিত করা হয়।

## Betar Vidyasagar

*Betar Vidyasagar* (FM 90.8 MHz) is the community radio station of Vidyasagar University dedicated to the service of the local communities in the region since 2021.



## Go for Administrative Leadership



Vidyasagar University, in collaboration with the Paschim Medinipur District Administration, organized the first interactive session with the district administrative officers and the aspiring students on 10<sup>th</sup> December, 2021 at Vivekananda Sabhagriha.

প্রশাসনিক ক্ষেত্রে চাকরির সুযোগ গ্রহণের লক্ষ্যে ছাত্রছাত্রীদের উদ্বুদ্ধ করার জন্য বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় ও পশ্চিম মেদিনীপুর জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে গত ১০ই ডিসেম্বর ২০২১ বিবেকানন্দ সভাগৃহে একটি আলোচনাসভা আয়োজিত হয়েছিল।

## 75 Years of India's Independence

On 15<sup>th</sup> August 2021 Vidyasagar University started off the celebration of 75 years of India's Independence. The Hon'ble Vice-Chancellor, Professor Sibaji Pratim Basu, declared a whole slew of programmes to be implemented over the next one year.

ভারতবর্ষের স্বাধীনতার ৭৫ বছর আড্ডার সাথে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে পালিত হয়। এই উৎসবের অঙ্গ হিসেবে আগামী এক বছর ধরে বিভিন্ন কর্মসূচির কথা ঘোষণা করেন সম্মাননীয় উপাচার্য অধ্যাপক শিবাজী প্রতীম বসু।



## NAAC Peer Team Visit

The NAAC Peer Team visited Vidyasagar University on 15, 16 and 17 September 2021. The University secured Grade B++ (with a score of 2.79). The accreditation is valid up to September 2026. The on-campus performance of the University was quite commendable.

সাত সদস্যের ন্যাক পরিদর্শনকারী দল গত ১৫, ১৬ ও ১৭ই সেপ্টেম্বর বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে এসেছিলেন। ন্যাকের মূল্যায়ণে বিশ্ববিদ্যালয় বি++ (স্কোর ২.৭৯) পেয়েছে। বিশ্ববিদ্যালয়ের অফলাইন মূল্যায়ণের ফল অত্যন্ত সন্তোষজনক।



## Vaccination Camp

Vidyasagar University organized a Covid vaccination camp in two phases (28<sup>th</sup> September 2021 - 2<sup>nd</sup> October for first dose and 27<sup>th</sup> December 2021 - 30<sup>th</sup> December 2021 for second dose) in collaboration with the district health administration, Govt. of West Bengal.

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় ও জেলা স্বাস্থ্য প্রশাসনের যৌথ উদ্যোগে দুটি পৃথক পর্যায়ে ছাত্রছাত্রীদের টিকাকরণ কর্মসূচী সফলভাবে রূপায়িত হয়েছে। কোভিড প্রতিরোধে এ এক সাধু পদক্ষেপ।



## Webinar Series at Vidyasagar University

The Webinar Committee, celebrating 75 years of India's Independence, organized 04 online and 02 offline lectures by eminent scholars - Dr. Ashis Lahiri, Dr. T. K. Pal, Dr. Bashabi Fraser, Dr. Sekhar Bandhyopadhyay, Sri Manasij Majumder and Sri Chandra Sekhar Ghosh. The first offline lecture by Sri Majumder titled 'Poetry to Canvas' was quite memorable.

বিশ্ববিদ্যালয়ের ওয়েবিনার কমিটি স্বাধীনতার ৭৫ বছর উপলক্ষে চারটি অনলাইন ও দুটি অফলাইন বক্তৃতার আয়োজন করে। বিশিষ্ট বক্তারা ছিলেন ড. আশিস লাহিড়ী, ড. তপন কুমার পাল, ড. বাসবী ফ্রেজার, ড. শেখর বন্দ্যোপাধ্যায়, শ্রী মনসিজ মজুমদার ও শ্রী চন্দ্রশেখর ঘোষ। শ্রী মজুমদার প্রদত্ত 'কবিতা থেকে ক্যানভাস' বক্তৃতাটি প্রথম অফলাইন বক্তৃতা হিসেবে বেশ সাড়া ফেলে।

## Cultural Evening

The cultural sub-committee for the celebration of 75 years of India's Independence organized a cultural evening on 16<sup>th</sup> December, 2021 with renowned artistes and performers Sri Rupankar Bagchi and Sri Sovan Sundar Basu and a grand cultural evening before Holi on 16<sup>th</sup> March, 2022 named 'Basanta Jagrata Dware'.

স্বাধীনতার ৭৫ বছর পালনের অঙ্গ হিসেবে গত ১৬ই ডিসেম্বর ২০২১ বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়েছিল যেখানে সংগীত শিল্পী শ্রী রূপঙ্কর বাগচী ও বাচিক শিল্পী শ্রী শোভন সুন্দর বসু সংগীত ও কবিতা পরিবেশন করেন। আরও একটি বর্ণময় সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়েছিল প্রাক হোলি উৎসবের এক অচ্ছেদ্য অঙ্গ হিসেবে। ১৬ই মার্চ অনুষ্ঠিত এই সাংস্কৃতিক সন্ধ্যার নাম ছিল 'বসন্তজাগ্রত দ্বারে'।



## West Bengal State NSS Award

The NSS Cell of Vidyasagar University received an award from the Govt. of West Bengal for outstanding performance in the field of community service for 2020-21 academic session.

২০২০-২১ শিক্ষাবর্ষে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের এন.এস.এস সেল সমষ্টি উন্নয়ন প্রকল্পে দৃষ্টান্তমূলক কাজের স্বীকৃতিস্বরূপ পশ্চিমবঙ্গ সরকারের বিশেষ পুরস্কারে সম্মানিত হয়েছে।



## NSS Activities

The NSS Cell and NSQF of Vidyasagar University organized a training camp for the self-help group women on 29 & 30 December, 2021. A Swachhata rally was organized on 15<sup>th</sup> February 2022 and another cycle rally was held on 24<sup>th</sup> March 2022. The contribution of NSS to the flood-hit people is quite commendable.

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের এন.এস.এস সেলের উদ্যোগে স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের মার্শরুম চাষের একটি কর্মশালা আয়োজিত হয় ২৯ ও ৩০শে ডিসেম্বর। এছাড়াও ১৫ই ফেব্রুয়ারি একটি স্বচ্ছতা র্যালি এবং ২৪শে মার্চ একটি সাইকেল র্যালি অনুষ্ঠিত হয়। বন্যাত্রানেও এন.এস.এস-এর ভূমিকা প্রশংসনীয়।

